



রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে ইউক্রেনের ড্রোন হামলা



সংগৃহীত ছবি

রাশিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর সেন্ট পিটার্সবার্গে বড় ধরনের ড্রোন হামলা চালিয়েছে ইউক্রেন। রুশ কর্তৃপক্ষ একে ‘অভূতপূর্ব হামলা’ হিসেবে উল্লেখ করেছে। রাশিয়ার দাবি, লেনিনগ্রাদ অঞ্চলে ১৪০টির বেশি ড্রোন ভূপাতিত করা হয়েছে। হামলার পর প্রথমবারের মতো স্থানীয় বাসিন্দাদের ঘরে থাকার নির্দেশ দেওয়া হয়। লেনিনগ্রাদ অঞ্চলের গভর্নর আলেকজান্ডার দ্রোজডেনকো জানান, হামলায় একটি সামরিক স্থাপনায় আগুন লাগে এবং কয়েকটি এলাকা থেকে মানুষ সরিয়ে নেওয়া হয়। তবে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়নি বলে দাবি করেছে মস্কো। অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভোলডেমির জেলেনস্কি বলেছেন, রাশিয়ার অস্ত্রাগার ও নৌঘাঁটিকে লক্ষ্য করেই এই হামলা চালানো হয়েছে। এটি রাশিয়ার আগ্রাসনের জবাব।

LENS ASIA